

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭১০

সোনামুড়া, ৫ নভেম্বর, ২০২৪

মরহুম আয়েত আলি স্মৃতি দিবারাত্রি ফুটবল টুর্নামেন্ট
সরকার ক্রীড়াক্ষেত্রে প্রতিভাবান খেলোয়াড়দের
মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে : মুখ্যমন্ত্রী

সব খেলার মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে ফুটবল। বিশ্বব্যাপী ফুটবল খেলার জনপ্রিয়তা তাই সবচেয়ে বেশী। তাই ফুটবল খেলার সাথে কোনও খেলার তুলনা হয় না। আজ সোনামুড়া স্পোর্টিং গ্রাউন্ডে অনুষ্ঠিত মরহুম আয়েত আলি স্মৃতি দিবারাত্রি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। স্থানীয় বাঘায়তীন ক্লাব আয়োজিত টুর্নামেন্টের ফাইনাল খেলায় এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক তফাজ্জল হোসেন, বিধায়ক বিন্দু দেবনাথ, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, প্রাক্তন মন্ত্রী বিল্লাল মিয়া, প্রাক্তন বিধায়ক সুবল ভৌমিক, সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা: সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলার এসপি বি জে রেডিড প্রমুখ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, দিবারাত্রি এই ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে পরিমাণ দর্শক সমাগম হয়েছে তাতে এটাই প্রমাণিত হয় ফুটবল হচ্ছে সমস্ত খেলার মধ্যে শ্রেষ্ঠ। রাজ্য সরকার ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি আরও বলেন, রাজ্যে ক্রীড়া প্রতিভার অভাব নেই। সরকার ক্রীড়াক্ষেত্রে প্রতিভাবান খেলোয়াড়দের মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সরকারের উদ্দেশ্য রাজ্যের খেলোয়াড়রা যেন জাতীয় পর্যায়ে এবং আন্তর্জাতিক পর্যায়ে কৃতিত্বের সঙ্গে পারদর্শিতা দেখাতে পারে। এতে রাজ্যে সুনাম বৃদ্ধি পাবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, ফুটবলের উন্নয়নে রাজ্য সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর ইতিমধ্যে সাতটি মাঠে সিন্থেটিক টারফ বসিয়েছে। আগামীদিনে সরকার আরও বেশ কিছু মাঠে এই সিন্থেটিক টারফ বসানোর উদ্যোগ নেবে।

প্রসঙ্গত দিবারাত্রি এই ফুটবল টুর্নামেন্ট গত ২০ অক্টোবর থেকে শুরু হয়। ফাইনাল খেলায় প্রতিদ্বন্দ্বিতা করে এলএসএ - কুয়েত ফ্রেন্ডস এবং ব্রাদার্স ইউনাইটেড।
